



## মোঃ আবু বকর ছিদ্দীক

চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড এর জীবন বৃত্তান্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব জনাব মোঃ আবু বকর ছিদ্দীক ০৩ জানুয়ারি ২০২৩ ইং তারিখ ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান (সচিব) পদে যোগদান করেন। এর পূর্বে তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং সেতু বিভাগের সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও তিনি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক ও বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যান হিসেবেও কর্মরত ছিলেন।

জনাব ছিদ্দীক বিসিএস প্রশাসন ক্যাডারের নবম ব্যাচের একজন মেধাবী ও দক্ষ কর্মকর্তা। তাঁর বর্ণাঢ্য কর্মজীবনে তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের এপিডি উইং, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব হিসেবে কর্মরত ছিলেন এবং মাঠ প্রশাসনের বিভিন্ন পর্যায়ে কাজ করেছেন।

তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। এছাড়াও তিনি গভর্নেন্স স্টাডিজের তঁর স্নাতকোত্তর ডিগ্রি এবং পাবলিক প্রকিউরমেন্ট বিষয়ে আন্তর্জাতিক ডিপ্লোমা করেন ও Chartered Institute of Procurement & Supply (CISP) এর সদস্যপদ লাভ করেন। তিনি আইন ও জনপ্রশাসন বিষয়ক আটটি প্রকাশিত বইয়েরও লেখক। এছাড়াও তিনি প্রশিক্ষণ ও সরকারি কাজে পৃথিবীর বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন।